

## 🗏 আল-বাকারা | Al-Baqara | ٱلْبَقَرَة

আয়াতঃ ২:৮০

## 💵 আরবি মূল আয়াত:

وَ قَالُوا لَن تَمَسَّنَا النَّارُ إِلَّا اَيَّامًا مَّعدُودَةً اَ قُل اَتَّخَذتُم عِندَ اللهِ عَهدًا فَلَن يُخلِفَ اللهُ عَهدَهُ أَم تَقُولُونَ عَلَى اللهِ مَا لَا تَعلَمُونَ ﴿٨٠﴾

## 

আর তারা বলে, 'গোনা-কয়েকদিন ছাড়া আগুন আমাদেরকে কখনো স্পর্শ করবে না'। বল, 'তোমরা কি আল্লাহর নিকট ওয়াদা নিয়েছ, ফলে আল্লাহ তাঁর ওয়াদা ভঙ্গ করবেন না? নাকি আল্লাহর উপর এমন কিছু বলছ, যা তোমরা জান না'? — আল-বায়ান

তারা বলে, 'গুটি কয়েক দিন ছাড়া আগুন কক্ষনো আমাদেরকে স্পর্শ করবে না'। বল, 'তোমরা কি আল্লাহর নিকট হতে প্রতিশ্রুতি নিয়েছো যে প্রতিশ্রুতি আল্লাহ ভঙ্গ করবেন না? কিংবা আল্লাহ সম্পর্কে এমন কিছু বলছ, যা তোমরা জান না'। — তাইসিরুল

এবং তারা বলেঃ নির্ধারিত দিনসমূহ ব্যতীত (জাহন্নামের) আগুন আমাদেরকে স্পর্শ করবেনা। তুমি বলঃ তোমরা কি আল্লাহর নিকট হতে অঙ্গীকার নিয়েছ যে, পরে আল্লাহ কখনই স্বীয় অঙ্গীকারের অন্যথা করবেননা? অথবা আল্লাহ সম্বন্ধে যা জানোনা তোমরা তা'ই বলছ? — মুজিবুর রহমান

And they say, "Never will the Fire touch us, except for a few days." Say, "Have you taken a covenant with Allah? For Allah will never break His covenant. Or do you say about Allah that which you do not know?" — Sahih International

৮০. তারা বলে, সামান্য কিছদিন ছাড়া আগুন আমাদেরকে কখনও স্পর্শ করবে না। বলুন, তোমরা কি আল্লাহর কাছ থেকে এমন কোন অঙ্গীকার নিয়েছ; যে অংগীকারের বিপরীত আল্লাহ কখনও করবেন না? নাকি আল্লাহ সম্পর্কে এমন কিছু বলছ যা তোমরা জান না?'

তাফসীরে জাকারিয়া

৮০। আর তারা বলে, 'গণা কয়েকটি দিন ছাড়া (দোযখের) আগুন কখনো আমাদেরকে স্পর্শ করবে না।' (হে মুহাম্মাদ, তুমি) বল, 'তোমরা কি আল্লাহর নিকট থেকে এমন কোন অঙ্গীকার[1] পেয়েছ যে, আল্লাহ



সে অঙ্গীকার কখনো ভঙ্গ করবেন না? অথবা তোমরা আল্লাহ সম্বন্ধে এমন কথা বলছ, যা তোমরা জান না।'[2]

- [1] ইয়াহুদীরা বলত যে, দুনিয়ার বয়স হল সাত হাজার বছর। আর প্রত্যেক হাজার বছরের পরিবর্তে আমরা একদিন জাহান্নামে থাকব। অতএব এই হিসেবে আমরা কেবল সাত দিন জাহান্নামে থাকব। কেউ কেউ বলতো, আমরা কেবল চল্লিশ দিন বাছুরের পূজা করেছি, অতএব এই চল্লিশ দিন জাহান্নামে থাকব। মহান আল্লাহ বললেন, তোমরা কি আল্লাহর কাছ থেকে কোন অঙ্গীকার পেয়েছ? এটাও অস্বীকৃতিসূচক জিজ্ঞাসা। অর্থাৎ, এরা ভুল বলছে, আল্লাহর সাথে এই ধরনের কোন অঙ্গীকার তাদের নেই।
- [2] অর্থাৎ, তোমাদের এই দাবী যে, আমরা জাহান্নামে গেলেও কেবল কিছু দিনের জন্য তা হবে, এটা তোমাদের নিজের পক্ষ থেকে মনগড়া কথা এবং এই ধরনের অনেক কথাবার্তা তোমরা আল্লাহর সাথে জুড়ে দিচ্ছ, যা তোমদের নিজেদেরই জানা নেই। এরপর মহান আল্লাহ তাঁর সেই মূলনীতির কথা উল্লেখ করছেন, যার ভিত্তিতে কিয়ামতের দিন তিনি ভাল ও মন্দজন্দেরকে তাদের ভাল-মন্দের প্রতিদান ও প্রতিফল দেবেন।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=87

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন